
১৩।

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 3 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭



ইনকিলাব ঃ প্রধানমন্ত্রীর কার্যালয়মুখী ছাত্রমিছিলে পুলিশ ও সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হয়। এ সময় উল্লেখযোগ্য সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়

# ছাত্রদলের ডাকে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদলের ডাকে গতকাল (রবিবার) সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়গুলোতে ক্লাস ও পরীক্ষা হয়নি। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ নগরীর শিক্ষা প্রতিষ্ঠানগুলো ছিল ছাত্র-ছাত্রীশূন্য। একাডেমিক কার্যক্রম বন্ধ ছিল। কলেজ-বিশ্ববিদ্যালয়ের যানবাহন চলাচল করেনি। ছাত্রদল বিভিন্ন প্রতিষ্ঠানে মিছিল-সমাবেশ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে একাডেমিক কাউন্সিলের সভায় ছাত্ররা

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## ছাত্র ধর্মঘট পালিত

প্রথম পৃষ্ঠার পর

বিক্ষোভ প্রদর্শন করেছে। সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় এলাকায় কয়েকটি হাতবোমা বিস্ফোরিত হয়। বদরুন্নেসা মহিলা কলেজে ছাত্রদলের মিছিলে পুলিশী হামলায় রাশিদা ও নাহিদ নামে দুইজন কর্মী আহত হয়েছে।

ছাত্রসমাজের ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে গত ২৫ এপ্রিল প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখী ছাত্রদলের মিছিলে পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের হামলার প্রতিবাদ এবং হামলাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে ছাত্রদল গতকালের ধর্মঘট আহবান করে। ধর্মঘট চলাকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন গেইটে অনুষ্ঠিত এক সমাবেশে ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মনজুর এলাহী বলেছেন, আওয়ামী দুঃশাসনের বিরুদ্ধে রাজপথে সোচ্চার ছাত্রসমাজ গণবিরোধী ব্যর্থ ফ্যাসিস্ট শেখ হাসিনা সরকারের পতন ঘটিয়ে ছাত্রদের অধিকার আদায় করবে।

তিনি বলেন, সারাদেশের ছাত্রসমাজ স্বতঃস্ফূর্তভাবে সর্বাত্মক ধর্মঘট পালন করে বর্তমান সরকারের বিরুদ্ধে রায় দিয়েছে। ছাত্ররা এই সরকারকে আর এক মুহূর্তও ক্ষমতায় দেখতে চায় না। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, আর বেশী দালালী করবেন না। ছাত্র-ছাত্রীদের রোষ থেকে রক্ষা পাবেন না। এ সমাবেশের আগে ছাত্রদল ক্যাম্পাসে মিছিল করে। সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের নেতা মনোয়ার হোসেন রানা, মোজাফফর হোসেন জাকির, হেলেন জেরীন খান, রফিক সিকদার, আজিজুল বারী হেলাল, রফিকুল ইসলাম বকুল, এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন প্রমুখ। ছাত্রদল সাধারণ সম্পাদক নাসির উদ্দিন আহমেদ পিন্টু ধর্মঘট চলাকালে তেজগাঁও কলেজে ছাত্রদলের এক সমাবেশে বক্তব্য রাখেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট চলাকালে এক সমাবেশে ছাত্রদল নেতা আবদুল খালেক হাওলাদার, শহীদুল্লাহ তালুকদার, শামসুজ্জামান সুরুজ প্রমুখ বক্তব্য রাখেন।

মুজিববাদী ছাত্রলীগ ছাত্র ধর্মঘটের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল সমাবেশ করে। ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকন সমাবেশে বক্তব্য রাখেন।